

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি উইং
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৫.২০১৪/৩৩৫(৫৩)

তারিখ: ৯ চৈত্র. ১৪২৩ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড ও পেনশনার সঞ্চয়পত্রের সুদ হতে উৎসে আয়কর কর্তন সংক্রান্ত আয়কর
অধ্যাদেশের ধারা 52D বিষয়ে স্পষ্টীকরণ।

ওয়েজ আর্নাস ডেভেলপমেন্ট বন্ড এবং সঞ্চয়পত্রের সুদ হতে কোন্ ক্ষেত্রে, কখন উৎসে আয়কর কর্তন করতে হবে
এ সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ে জিজ্ঞাসা রয়েছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব
বোর্ড নিম্নরূপ স্পষ্টীকরণ প্রদান করছে:

(১) Wage earners development bond, US dollar premium bond, US dollar investment bond, Euro premium bond, Euro investment bond, Pound sterling investment bond এবং Pound sterling premium bond এর সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন না করার বিষয়ে ২০১৫-১৬ অর্থ বছরের জারিকৃত পরিপত্রে এ মর্মে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে যে উপরিলিখিত বন্ডসমূহের বিপরীতে ১ জুলাই, ২০১৫ তারিখ হতে সুদ বা মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন করতে হবে না। উক্ত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উক্ত বন্ড যখনই ক্রয় করা হোক না কেন তার বিপরীতে ১ জুলাই, ২০১৫ বা তৎপরবর্তী তারিখে সুদ বা মুনাফা পরিশোধকালে পরিশোধিত সুদ বা মুনাফার উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। ২০১৬-১৭ অর্থ বছরের পরিপত্রেও বিষয়টি পুনরিলিখিত হয়েছে।

(২) আয় বছরের শেষ তারিখে কোন করদাতার পেনশনার সঞ্চয়পত্রে পুঞ্জীভূত বিনিয়োগের স্থিতির পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকা অতিক্রম করলে করদাতার পেনশনার সঞ্চয়পত্রের উপর অর্জিত সুদ/মুনাফা পরিশোধকালে ধারা 52D এর বিধান অনুযায়ী ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এক্ষেত্রে সুদ/মুনাফা প্রদানকারী ব্যক্তি/কর্তৃপক্ষ পরীক্ষা করে দেখবেন যে-

(ক) যে পেনশনার সঞ্চয়পত্রের অর্জিত সুদ/মুনাফা পরিশোধ করা হচ্ছে সে সঞ্চয়পত্রের পরিমাণ ৫ লক্ষ টাকার অধিক কি-না;


(খ) যে তারিখে বর্ণিত সুদ/মুনাফা পরিশোধ করা হচ্ছে সে তারিখে করদাতার পেনশনার সঞ্চয়পত্রের পুঞ্জীভূত বিনিয়োগের স্থিতির পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক কি-না;

(গ) অব্যবহিত পূর্বের আয় বছরের শেষ তারিখে করদাতার পেনশনার সঞ্চয়পত্রের পুঞ্জীভূত বিনিয়োগের স্থিতির পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক কি-না।

(ক), (খ) বা (গ) এর যে কোনটির উত্তর “হ্যাঁ” হলে করদাতার পেনশনার সঞ্চয়পত্রের উপর অর্জিত সুদ/মুনাফা পরিশোধকালে ধারা 52D এর বিধান অনুযায়ী ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

আর উত্তর “না” হলে সুদ/মুনাফা পরিশোধকালে ধারা 52D এর বিধান অনুযায়ী ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

৩। ভবিষ্যতে কর আইনের বর্ণিত বিধান পরিবর্তন হলে পরিবর্তিত বিধান প্রযোজ্য হবে।


রিগ্যানি চন্দ্র দে
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোন: ৮৩৯১৬১৪
ই-মেইল: taxpolicynbr@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(কর আপীল ও অব্যাহতি)/(কর নীতি)/(লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(অডিট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন)/(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(কর জরীপ ও পরিদর্শন)/(ইন্টারন্যাশনাল ট্যাকসেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। প্রেসিডেন্ট, কর আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৪। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস (কর) একাডেমী, ঢাকা/ সকল কর কমিশনার (কর বিভাগ)।
- ৫। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (প্রাইজবন্ড, সঞ্চয়পত্র ও সঞ্চয়বন্ড শাখা), বাংলাদেশ ব্যাংক।
- ৬। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপ লোডের অনুরোধসহ)।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস/ গার্ড ফাইল কপি।